

Ramakrishna Vivekananda Mission

Junior High School

Model Question Paper -- 2020

Class -- V

Subject -- Math

Time :- 2:30 hrs.

Full Marks -- 100

1) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যেকোনো 20টি)-

1×20=20

- প্রত্যেক পূর্ণসংখ্যার ক্ষুদ্রতম উৎপাদকটি কত ?
- গর্ভিত ভগ্নাংশ কাকে বলে ? উদাহরণ দাও ।
- বিপরীত-এর অপর নাম কি ?
- ভাগ , গুন , এর , যোগ , বিয়োগ - সকল চিহ্ন একই সঙ্গে থাকলে, সর্বপ্রথমে কার কাজ করতে হয় ?
- কোন সংখ্যার বর্গমূল সেই সংখ্যা ?
- 25 এবং $\sqrt{25}$ -এর মধ্যে কোনটি বৃহত্তর ?
- 'শতকরা' শব্দের অর্থ কি ?
- 400 -এর 1%=কত ?
- ক্ষতির অপর নাম কি ?
- বিয়োগ করো :- $74 - 10\frac{3}{11}$
- আয়তক্ষেত্রের পরিসীমা নির্ণয়ের সূত্রটি লেখ ।
- একটি দ্রব্য 255 টাকায় ক্রয় করে 245 টাকায় বিক্রয় করলে ক্ষতির পরিমাণ কত হবে ?
- 25 টাকা কত টাকার 20% ?
- কোন সংখ্যার বর্গমূল থেকে 3 বিয়োগ করলে 4 হবে ?
- বর্গ বলতে কী বোঝো ?
- পূর্ণবর্গ সংখ্যার এককের ঘরে কোন কোন সংখ্যা থাকতে পারে না ?
- রামের বর্তমান বয়স 30 বছর হলে , 6 বছর আগে রামের বয়স কত ছিল ?
- 9 -এর বর্গ ও বর্গমূলের পার্থক্য কত ?
- 90 ডিগ্রী = কত সেকেন্ড ?
- একটি ত্রিভুজের মোট কয়টি অংশ থাকে ?
- সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজের প্রতিটি কোণের পরিমাণ কত ?

2) নিচের অংকগুলি সমাধান করো (যেকোনো 10 টি)-

2×10=20

- a) পিতার বয়স 80 বৎসর এবং মাতার বয়স পিতার বয়সের $\frac{9}{10}$ অংশ হলে , মাতার বয়স কত ?
- b) একটি খুঁটির $\frac{1}{6}$ অংশ জলের উপরে আছে । জলের মধ্যে খুঁটির শতকরা কত অংশ আছে ?
- c) সরল করো : $5 - \frac{3}{4} \times \frac{12}{17} \div \frac{8}{51} \div 1\frac{1}{2}$
- d) দুটি সংখ্যার গুনফল 425 , একটি সংখ্যা 17 হইলে অপর সংখ্যাটি কত ?
- e) বিয়োগ করো : 139560সেমি - 7হেমি 3মিটার 5মিমি
- f) একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য 25সেমি হলে তার ক্ষেত্রফল কত ?
- g) যোগ করো : $\frac{7}{12} + \frac{1}{16} + \frac{8}{15} + \frac{9}{32}$
- h) গুনফল নির্ণয় করো : $88\frac{15}{55} \times 44$
- i) বর্গমূল নির্ণয় করো : 25
- j) ভাগ করো : $\frac{11}{24} \div 8\frac{1}{4}$
- k) $1+2+3+4+\dots\dots\dots+100 =$ কত ?

3) নিচের প্রশ্নগুলির উত্তর দাও (যেকোনো 6 টি)-

3×6=18

- a) সরল করো : $2-5 \div [3+1 \div \{2-1-\frac{1}{2}\}]$
- b) 290 -এর পরবর্তী পূর্ণবর্গ সংখ্যা কোনটি ?
- c) দুই দিস্তা কাগজ 1 টাকা 44 পয়সাতে কিনিয়া প্রতিটি কাগজ 4 পয়সা হিসেবে বিক্রয় করলে , কত লাভ বা ক্ষতি হবে ?
- d) একটি ঘড়ি 700 টাকায় বিক্রি করলে যত ক্ষতি হয় , 820 টাকায় বিক্রি করলে তার দ্বিগুণ লাভ হয় । ঘড়িটির ক্রয়মূল্য কত ?
- e) পর্যায়ক্রমে 10% ও 20% ছাড়ের সমতুল্য ছাড় কত ?
- f) সময় মত ইলেকট্রিক বিলের টাকা জমা দিলে 10% ছাড় পাওয়া যায় । ছাড় বাদে 810 টাকা জমা দিলে, কত টাকার বিল ছিল ?
- g) এক দলে যতজন লোক ছিল , প্রত্যেকে তত টাকা খরচ করায় মোট 9604 টাকা খরচ হল । প্রত্যেকে কত খরচ করিল ?

4) নিচের অংক গুলি করে দেখাও ও উত্তর লিখবে (যেকোনো 5টি)-

5×5=25

- a) সরল করো : $4 - [3 + 3 \div \{3 + 3 \div (3 + 3 \div 6)\}]$
- b) এক দোকানদার 2 টাকা 60 পয়সাতে 65টি কলা ক্রয় করে দুই ভাগ করল । বড় 35টি কলা 7 টাকা 40পয়সা হিসেবে এবং বাকি গুলি 6 পয়সা জোড়া হিসেবে বিক্রয় করল । ইহাতে তাহার কত লাভ বা লোকসান হলো ?

- c) 4 অংকের কোন বৃহত্তম সংখ্যাকে 12, 16, 18 এবং 21 দিয়ে ভাগ করলে প্রতিক্ষেত্রে 3 ভাগশেষ থাকবে ?
- d) জল জমে বরফ হলে 9% আয়তন বৃদ্ধি পায় ; বরফ গলে জল হলে শতকরা কত ভাগ আয়তন হ্রাস পায় ?
- e) গরিষ্ঠ কোন পূর্ণবর্গ সংখ্যা 32, 36, 44 ও 48 -এর লসাঙ্ক -এর একটি উৎপাদক ?
- f) কোন বিদ্যালয়ের পরীক্ষার্থীদের 85% বাংলায়, 70% অংকে এবং 65% উভয় বিষয়ে পাশ করেছে । পরীক্ষার্থীদের সংখ্যা যদি 60 হয় তবে কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করেছে ?

5) চিত্রসহ সংজ্ঞা লেখ (যেকোনো 2টি)-

3×2=6

- a) সন্নিহিত কোণ
- b) শঙ্কু
- c) রম্বস

6) শূন্যস্থান পূরণ করো -

1×6=6

- a) দুটি বক্ররেখা ছেদ করে _____ বিন্দুর সৃষ্টি করে ।
- b) 1° কোণের পূরক কোণের মান _____ ।
- c) _____ ত্রিভুজের দুটি মধ্যমা পরস্পর সমান ।
- d) ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি _____ ।
- e) একটি 30° কোণের বহিঃকোণের মান _____ ।
- f) বৃত্তের _____ ও _____ দ্বারা সীমাবদ্ধ সামতলিক ক্ষেত্রকে বলা হয় বৃত্তাংশ ।

7) নিচের একটি প্রশ্নের উত্তর দাও-

1×5=5

- a) 8 সেমি দীর্ঘ একটি সরলরেখাংশকে সমান চারটি ভাগে ভাগ করো ।
- b) AB একটি সরল রেখাংশ আঁক , যাহার দৈর্ঘ্য 6.6 সেমি । এই সরলরেখাংশের অন্তঃস্থ একটি বিন্দু R নাও , যেন $AR=4$ সেমি, R বিন্দুতে AB -এর উপর একটি লম্ব আঁক ।